দৈনিক জনকণ্ঠ

তারিখ ...04 AUG 1995 ... ...
পৃষ্ঠা ২ কলাম ৩.....

18

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট ম্যানেজমেন্ট পরীক্ষা আজ শুরু

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত ডিপ্লোমা ও সার্টিফিকেট ইন ম্যানেজমেন্টের প্রথম সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষা শুক্রবার থেকে সিলেট মদনমোহন কলেজে অনুষ্ঠিত হচ্ছে।

পরীক্ষার সময়সূচী অনুযায়ী শুক্রবার ব্যবস্থাপনা নীতি, ১১ আগস্ট অর্থায়ন নীতি, ১৮ আগস্ট বাজার অর্থনীতি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিকে সার্টিফিকেট ইন ইংলিশ ল্যাংগুয়েজ এফিসিয়েন্সি (সেলফ) কোর্সে ভর্তির আবেদন ফরম গ্রহণ ও জমা দেয়ার সময়সীমা ১৪ আগস্ট পর্যন্ত বাড়ানো হয়েছে। কোর্স ফিসহ ভর্তির তারিখ ১৬ আগস্ট থেকে ১৯ আগস্ট।